৫৭

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN. 26 1999 ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

# বাংলা একাডেমীর অমর একুশে গ্রন্থমেলা ৫ ফেব্রুয়ারি শুরু

বাংলা একাডেমী আয়োজিত অমর একুশে গ্রন্থমেলা ১৯৯৯ আগামী ৭ ফেব্রুয়ারির পরিবর্তে ৫ ফেব্রুয়ারি থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে। গ্রন্থমেলায় স্টল বরাদ্দের লটারী আগামী ১ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হবে।

## বক্তৃতা প্রতিযোগিতা

১৯৯৯ সালের অমর ২১ উপলক্ষে বাংলা একাডেমী এবার স্কুলের ছাত্রছাত্রীদের জন্য নির্ধারিত বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করেছে। বক্তৃতার বিষয়, 'ক' শাখা একুশে ফেব্রুয়ারি (৭ম ও ৮ম শ্রেণীর জন্য) ও 'খ' শাখা ভাষা আন্দোলন থেকে স্বাধীনতা (৯ম ও ১০ম শ্রেণীর জন্য)। আগামী ২ ফেব্রুয়ারি থেকে ৪ ফেব্রুয়ারি সকাল সাড়ে ৯টা থেকে বিকাল সাড়ে ৪টা পর্যন্ত নির্ধারিত আবেদনপত্র পাওয়া যাবে এবং ৭ ফেব্রুয়ারি, বিকাল সাড়ে ৩টার মধ্যেই জমা দিতে হবে।

আবেদনপত্রের সাথে প্রধান শিক্ষক/শিক্ষিকার কাছ থেকে আনা প্রত্যায়নপত্র জমা দিতে হবে।

যোগাযোগের ঠিকানা ঃ বাকিয়ার রহমান, পত্রিকা উপবিভাগ, প্রেস ভবনের চার তলা।
—বিজ্ঞপ্তি।